# Times Today BD

তৌহিদুল ইসলাম | দেশজুড়ে | 14 April, 2025

কক্সবাজারের চকরিয়ায় লোকালয়ে দলছুট বন্যহাতির হানায় এক যুবকের মৃত্যু হয়েছে।

কক্সবাজার উত্তর বনবিভাগের ফাঁসিয়াখালী রেঞ্জ কর্মকর্তা মো. মেহেরাজ উদ্দিন জানিয়েছেন, রোববার মধ্যরাত সাড়ে ১২ টায় চকরিয়া উপজেলার সুরাজপুর-মানিকপুর ইউনিয়নের দক্ষিণ সুরাজপুর এলাকায় এ ঘটনা ঘটেছে।

নিহত আব্দুল করিম (৩৮) একই এলাকার মোহাম্মদ আলীর ছেলে।

স্থানীয়দের বরাত দিয়ে মেহেরাজ উদ্দিন বলেন, রোববার মধ্যরাতে চকরিয়ার দক্ষিণ সুরাজপুর এলাকায় বন্যহাতির একটি দল লোকালয়ে ঢুকে পড়ে।এসময় হাতির দলটিকে তাড়াতে স্থানীয় লাঠি জড়ো হন।এতে জড়ো হওয়া কেউ কেউ হাতিগুলোকে লক্ষ্য করে ঢিলও ছুড়েন।এক পর্যায়ে একটি হাতি দলছুট হয়ে জড়ো হওয়া লোকজনের দিকে তেড়ে আসে।

“ এসময় তাড়া খেয়ে পালানোর সময় আব্দুল করিম নামের এক যুবক হাতিটির সামনে পড়েন।এতে হাতিটি তাকে শুঁড়ে জড়িয়ে আঁচাড় মারে এবং পদপিষ্ট করে।“

বনবিভাগের এ রেঞ্জ কর্মকর্তা বলেন, পরে হাতিটি সেখান থেকে স্থানীয়রা আহত অবস্থায় আব্দুল করিমকে উদ্ধার চকরিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে।এসময় তার অবস্থা আশংকাজনক হওয়ায় কর্তব্যরত চিকিৎসক চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করেন। পরে চমেকে নেওয়ার পথে তার মৃত্যু হয়েছে।

সরকারের বিধি মোতাবেক ভূক্তভোগী পরিবারকে ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা নেওয়া হবে বলে জানান, মো. মেহেরাজ উদ্দিন।

চকরিয়া থানার ওসি মো. শফিকুল ইসলাম জানান, চকরিয়ার দক্ষিণ সুরাজপুরে বন্যহাতির হানায় এক যুবকের মৃত্যু হয়েছে।এ ব্যাপারে আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে।

কক্সবাজার বন্যহাতি চকরিয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:37

URL: https://www.timestodaybd.com/across-the-country/37904755